



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2023-24



BNGADSE02T-BENGALI (DSE1/2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’ গ্রন্থে প্রচ্ছন্ন পরিহাস এবং সরসতার যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১০
- অথবা
- একটি সর্ব অর্থে অপমানিত ঔপনিবেশিক পরিস্থিতিতেও মুচিরাম গুড়ের সুযোগ সন্ধানী মনোবৃত্তি কীভাবে তাকে সাফল্যের সীমানায় পৌঁছে দিল, সে বিষয়ে লেখো। ১০
- ২। ‘ধর্ম’ ও ‘মোক্ষ’ বিবেকানন্দের সমন্বয়ী ভাবনায় যে উদার, ব্যাপ্ত রূপ পরিগ্রহ করেছে — ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে অবলম্বনে সংশ্লিষ্ট বিষয় দুটির প্রেক্ষিতে তার পরিচয় দাও। ১০
- অথবা
- ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে গদ্যভাষার সাবলীলতার গুণে প্রবন্ধের বিষয়বস্তু অনায়াসেই পাঠকের মনোযোগ আকর্ষণ করে। — আলোচনা করো। ১০
- ৩। মুখ্যত সাহিত্য ও কাব্যের উদ্দেশ্য ও তাৎপর্য যে আনন্দ লাভ, — ‘পঞ্চভূত’-এর ‘কাব্যের তাৎপর্য’ রচনায় তা কীভাবে প্রতিভাত হয়েছে সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০
- অথবা
- মুক্তি শৃঙ্খলার পারম্পর্য ও সামঞ্জস্য বিধানের নৈপুণ্যে ‘পঞ্চভূত’ প্রবন্ধ সংকলনের ‘নরনারী’ রচনাটির বিশিষ্টতা ব্যাখ্যা করো। ১০
- ৪। ‘বিশুদ্ধরূপে নাবালক সেব্য’ ও একই সঙ্গে ‘বুদ্ধির পরিণতিক্রমে ইঙ্গিতের গভীরতা’-সমন্বিত শিশুপাঠ্য আলোচনায় ঋদ্ধ বুদ্ধদেব বসুর ‘বাংলা শিশুসাহিত্য’-এর বিশিষ্টতার দিকগুলি সম্পর্কে লেখো। ১০
- অথবা
- “আরো একটি কারণে কৃত্তিবাস যথেষ্ট নন, বাঙ্গালীর সঙ্গে সাক্ষাৎ পরিচয় আমাদের প্রয়োজন।” — উভয়ের রামায়ণের তুলনামূলক আলোচনায় প্রাবন্ধিক যে যুক্তিগুলি দিয়েছেন প্রবন্ধ অনুসরণে তার পরিচয় দাও। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০
- (ক) ‘হোম সাহেবের কিছুমাত্র দোষ নাই। দেশী, বিদেশী সকল মনুষ্যই এইরূপ।’ — কোন্ প্রসঙ্গে এই মন্তব্যের অবতারণা? হোম সাহেবের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+২
- (খ) ‘সকল দেশেই কাপড়ে চোপড়ে কিছু না কিছু ভদ্রতা লেগে থাকে।’ — পৃথিবীর বিভিন্ন জাতির বেশভূষা সম্পর্কে উক্ত মন্তব্যকে প্রাবন্ধিক কীভাবে সমর্থন করেছেন তা ব্যাখ্যা করো। ৫
- (গ) ‘দিব্য হৃষ্টপুষ্টি, নিশ্চিন্ত, প্রফুল্লচিত্ত। উপযুক্ত সারপ্রাপ্ত পর্যাপ্ত পল্লবপূর্ণ মসৃণ চিক্ণ কাঁঠাল গাছটির মতো।’ — কার সম্পর্কে এই উক্তি? মন্তব্যটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো। ৫
- (ঘ) “কেউ-কেউ স্বভাবতই স্বভাবকবি, আবার কোনো-কোনো সময়ে সাহিত্যের অবস্থার ফলেই স্বভাবকবি তৈরি হয়ে থাকে।” — কোন্ প্রবন্ধের অন্তর্গত? উদ্ধৃতিটি উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

—x—